দৈনিক ইনকিলাব

তারিখ 14 NOV 1996
পৃষ্ঠা ১৫ কলাম ৩

# শেখ ফজিলাতুন্নেসা কলেজের নামকরণ ও সরকারীকরণের ঘোষণায় বিস্ময়

স্টাফ রিপোর্টার ঃ গোপালগঞ্জ জেলা বিএনপি'র সভাপতি ও সাবেক সংসদ সদস্য এফ ই শরফুজ্জামান জাহাঙ্গীর গতকাল এক বিবৃতিতে বলেছেন, গোপালগঞ্জের কিছু গণ্যমান্য ব্যক্তির দান ও গোপালগঞ্জ বাস মালিক সমিতির মাধ্যমে এডিটি বাস টিকেটে নির্ধারিত চাঁদা আদায়ের মাধ্যমে গোপালগঞ্জ মহিলা কলেজ প্রতিষ্ঠিত হয়। সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কলেজটিকে শেখ ফজিলাতুন্নেসা মহিলা কলেজ নামকরণ এবং সরকারীকরণের ঘোষণা দেয়ায় বিস্ময় প্রকাশ করে তিনি বলেন, শিক্ষা-প্রতিষ্ঠান সরকারীকরণ শুরু হলেই প্রথমেই এ কলেজটি সরকারীকরণ করা হবে বলে বিগত প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঘোষণা দেয়ার পরও একই বিষয়ে বর্তমান প্রধানমন্ত্রীর ঘোষণা বিস্ময়কর। তিনি বলেন, রাজনৈতিক ফায়দা লোটার জন্য কেউ কোন শিক্ষা-প্রতিষ্ঠানকে ব্যবহার করলে আমরা তার প্রতিবাদ জানাতে বাধ্য হবো। তিনি বেগম খালেদা জিয়ার প্রতিশ্রুত গোপালগঞ্জ কাদিয়ানী রাস্তা, গোপালগঞ্জ কোটালীপাড়া রাস্তা, হরিদাশপুর ব্রীজ ও গোপালগঞ্জের পল্লী বিদ্যুতায়নের কাজ অবিলম্বে বাস্তবায়নের দাবী জানান।